গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা -১২১২
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫ ০৩ ০০০০ ০০৫ ৯৭ ০০২ ২০- ৩২৫ তারিখঃ ২২/৪/২০২১ ইং

বিষয়ঃ প্রাতিষ্ঠানিক গণ শুনানীর কার্যবিবরণী প্রেরণ ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৪/০৪/২০২১ ইং তারিখ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর আয়োজিত প্রাতিষ্ঠানিক গণ শুনানীর কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো ।

সংযুক্তিঃ ০২----পাতা ।

২২|০৪|২১
সিদ্দিকা আক্তার
( অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী-ঢাকা।
www.dgnm.gov.bd

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় ।
[ দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব( প্রশাসন-৪ মনিটরিং ও সমন্বয় অধিশাখা)

স্মারক নং-৪৫ ০৩ ০০০০ ০০৫ ৯৭ ০০২ ২০- ৩২৫/১ (৩) তারিখঃ ২২/৪/২০২১ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। অতিরিক্ত সচিব (নার্সিং) স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় ।
২। উপ সচিব (নার্সিং সেবা-১/২) স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় ।
৩। পি এ টু মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ।

22/04/2021
সহকারী পরিচালক(সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

নং:৪৫.০৩.০০০০. ০০৫.০৬.০০১.২০২১ তারিখঃ ০৪/০৪/২০২১ খ্রি:

## প্রাতিষ্ঠানিক গণশুণানী সভার কার্যবিবরণি

সভাপতিঃ সিদ্দিকা আক্তার, (অতিরিক্ত সচিব) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
স্থানঃ সম্মেলন কক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
তারিখ ও সময়ঃ ০৪/০৪/২০২১ তারিখ সকাল ১২.০০ টা।

শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাস্থ্য বিধি মেনে আসন গ্রহন করার অনুরোধ ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। করোনা সংক্রামন ভয়াবহ আকারে ছড়িয়ে পড়ছে কাজেই এর মধ্যেই স্বাস্থ্য বিধি মেনে প্রতিটি কার্যক্রমের অগ্রগতি হালনাগাদ রাখা, সঠিক, সুষ্ঠ ও নিয়ম মাফিক নিজ নিজ দায়ীত্ব পালন ও পরিকল্পনা মাফিক সকল সিদ্ধান্ত বাস্তবায়নের উপর জোর তাগিদ দেন। সভার কার্যপত্র অনুযায়ী সভাপতির অনুমতিক্রমে পরিচালক ( প্রশাসন,শিক্ষা ও প্রশিক্ষণ) আলোচ্য বিষয় আলোচনা করেন এবং কার্যকরি সিদ্ধান্ত গ্রহণ করেন । প্রাতিষ্ঠানিক গণশুণানী সভায় সকল সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য তাগিদ প্রদান করেন।
সভাপতির অনুমতিক্রমে জনাব সুলতানা পারভীন, সহকারি পরিচালক (সমন্বয়) সভার কার্যপত্র উপাস্থাপন করেন।
অনুষ্ঠিতব্য প্রাতিষ্ঠানিক গণশুণানী সভার কার্যবিবরণির উপর গুরুত্ব আরোপ করে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীতঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার | নিজ দায়ীত্ব সম্পর্কে অবগতি হওয়া যেমন- স্বাস্থ্য বিধি মেনে সঠিক সময়ে অফিসে আসা এবং যাওয়া, আন্ত বিভাগ এবং বর্হিঃবিভাগে সেবা পেতে আসা রোগীদের যথাযথ সেবা প্রদান করা। ভাল সেবা প্রদানের সাথে সাথে ভাল আচরন করা, সঠিক তথ্য দেওয়া। অনৈতিক ও অসাদআচরন থেকে বিরত থাকা। সরকারী কর্মচারী ও শৃঙ্খলা বিধি পরিপন্থি কোন কাজ না করা। নিজেদের ভিতর সুসম্পর্ক বজায় রাখা। কোন ধরনের অনৈতিক কাজকে অধিদপ্তর প্রশ্রয় দেবেনা এব্যপারে নিশ্চিত করা হয়। | পরিচালক(প্রশাসন (শিক্ষা, প্রশিক্ষণ)। সহকারি পরিচালক (সমন্বয়) সমন্বয়) |
| ২ | প্রাতিষ্ঠানিক গনশুনানীর ব্যবস্থা করা। যে সকল স্থানে জনগন নার্সিং সেবা পেয়ে থাকেন সেই সকল স্থানে গনশুনানী করা। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন ঢাকার বাইরে গনশুনানী করার প্রস্তাব দেওয়া হয়। | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের তত্ত্বাবধায়নে গণশুনানী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ গনশুনানির আয়োজন করা। বর্হিঃবিভাগে সেবা পেতে আসা রোগীদের নিকট প্রশ্ন করে অবগত হওয়া যায় যে তাদের ভিতর কোন প্রকার অসন্তোষ আছে কিনা/ তারা কি ধরনের সেবা পেয়ে থাকেন? আর কি কি হলে সেবাটি আরো ভাল হতো বলে মনে করেন? | |
| ৩ | বদলী বিষয়ে আলোচনা করা | বদলী সংক্রান্ত বিষয়ে সকলকে আশ্বাস প্রদান করা হয় যে এটি একটি ধারাবাহিক কাজ যা চলমান থাকবে কিন্তু করোনা সংক্রামনের দ্বিতীয় ঢেউ এর এই ক্রান্তি লগ্নে সকলকে ধৈর্য্য ধারন করার জন্য অনুরোধ করা হয়। বদলী নীতিমালা ও পদ স্বল্পতার | পরিচালক (প্রশাসন, শিক্ষা, প্রশিক্ষণ), সহকারি পরিচালক (সমন্বয়) |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | | বিষয়ে আলোচনা করা হয়। এই ভয়াবহ সময়ে নার্সদের অনেক গুরুত্বপুর্ন দায়ীত্ব পালন করতে হবে, নিজে সচেতন হবেন এবং অন্য কে সচেতন করার জন্য সহায়তা করবেন। এই পরিস্থিতি নার্সদের কার্যকরি ভুমিকা ছাড়া মোকাবেলা করা অসম্ভব। | |
| ৪ | অধিদপ্তরে দর্শনার্থী শিথীল করা | করোনা সংক্রমন আরো ব্যপক আকারে ছড়িয়ে পড়ার প্রতিরোধ করার জন্য করোনা সংক্রামনের দ্বিতীয় ঢেউ এর এই ক্রান্তি লগ্নে সকলকে স্বাস্থ্য বিধি মেনে অধিদপ্তরে আসার জন্য অনূরোধ করা হয়। অতি প্রয়োজন ছাড়া যেন না আসা হয় । সুসম্পর্ক ও নিয়ম মাফিক কাজ করার মাধ্যমে এই করোনা সংক্রামন কে প্রতিরোধ করতে হবে। | পরিচালক (প্রশাসন, শিক্ষা, প্রশিক্ষণ), সহকারি পরিচালক (সমন্বয়) |
| ৫ | অন লাইন, ফেসবুক, মেসেঞ্জার ব্যবহার করে নানা ধরনের অপকর্ম করার/ অভিযোগ করার বিষয়ে | বিভিন্ন সময়ে গনমাধ্যম ব্যবহার করে, পেপার, ফেসবুক, হোয়াটস এপ, ই মেইল এর মাধ্যমে নানাবিধ অভিযোগ তুলে ধরেন যা খোজ খবর নিয়ে বা তদন্ত করে ভিত্তিহীন প্রমানিত হয়। এই সব কাজের জন্য অধিদপ্তর বিব্রত হয়, সময় নষ্ট হয়, ভাবমুর্তি নষ্ট হয়। কাজেই সকলকে এ বিষয়ে সতর্ক থাকতে হবে। ভিত্তিহীন অভিযোগ না করে প্রমান সাপেক্ষে অধিদপ্তর বরাবর অভিযোগ করতে হবে। | পরিচালক(প্রশাসন) ,শিক্ষা, প্রশিক্ষণ), সহকারি পরিচালক (সমন্বয়) |
| ৬ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং অধিদপ্তরের আসে পাশে পরিস্কার রাখার বিষয় | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং অধিদপ্তরের আসে পাশে পরিস্কার রাখার বিষয়ে বিশদ আলোচনা হয়। অধিদপ্তরের বিভিন্ন স্থান পরিস্কার পরিচ্ছন্নতার ব্যাপারে সচেতন থাকতে হবে। কোতাও যেন ময়লা আবর্জনা পড়ে না থাকে। পরিদর্শনের উদ্যোগ গ্রহন করা। একটি পরিদর্শন কমিটি গঠন করা। কমিটির কার্যাবলী তৈরী করা। | পরিচালক(প্রশাসন ,শিক্ষা, প্রশিক্ষণ)। উপ-পরিচালক (প্রশাসন), সহকারি পরিচালক (সমন্বয়) |
| | | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার অঙ্গিকার ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১২/০৪/২০২১

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,ঢাকা ।